

সুপ্রিয় ফণী

এ সময় ...

ভেঙে যাচ্ছে প্রিয় শব্দগুলো
ভেঙে যাচ্ছে মুঢ় বন্ধকথা
ভেসে যাচ্ছে শ্রোতের খর টানে
জমানো গান, জমিয়ে রাখা ধূলো।

ভেঙে পড়ছে আষাঢ় বা শ্রাবন
মুছে যাচ্ছে আমার হাতে লেখা --
কে কার সাথে ... কারা কতক্ষণ...
ভাঙ্গন বিধি, যাবৎ রূপরেখা ॥

আমি তো আছি বান্দা বিন্দাস্
বুরি নজরওয়ালের মুহূৰ্কালা --
ভেঙে যাওয়ার বিবর্তন থেকে
উঠে আসছে আমার জগমালা ॥

কানহা-য়

এখানে বসতি শেষ, এইখানে জঙ্গলের শুরু,
বাংলোর অদুরে মাঠ, বড় ঘাস, পা-ফেলা নিয়েধ ---
সেখানে হলুদ-কালো বিদ্যুৎ ঝলসে ওঠে গাঢ়,
হাওয়া ঘুরে গেলে প'র, অনুকম্পা মেঁকে
হরিণের রক্ত আর জ্যোৎস্না এসে মুখোমুখি বসে...

নিয়েধের গল্ল বলে বুড়ো শাল, চকিত ময়ূর —
হরিণ হরিণ খেলা — মনে পড়ে ঈষৎ আমারও ॥